গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.৬৮৯.১৯-৬০৭৮ তারিখ:২০.০৮.২০১৯ খ্রি.

বিষয় : ষষ্ঠ শ্রেণির **শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** এবং **চারু ও কারুকলা** বিষয়ে ধারাবাহিক মূল্যায়নের কার্যকারিতা যাচাইয়ে পাইলট প্রোগ্রাম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, মাধ্যমিক পর্যায়ের ধারাবাহিক মূল্যায়ন ব্যবস্থার কার্যকারিতা যাচাইয়ের জন্য একটি পাইলট প্রোগ্রাম পরিচালনা করতে যাচ্ছে। নির্বাচিত জেলার সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে **(সংযুক্ত জেলাভিত্তিক বিদ্যালয়ের তালিকা দ্রষ্টব্য)** ষষ্ঠ শ্রেণির **শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** এবং **চারু ও কারুকলা** বিষয়ে এই পাইলট প্রোগ্রাম পরিচালিত হবে। নির্বাচিত প্রতিটি জেলার আওতায় ৮টি বিদ্যালয় অন্তর্ভুক্ত থাকবে। একটি জেলার ৪টি বিদ্যালয়ে **শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** এবং অন্য ৪টি বিদ্যালয়ে **চারু ও কারুকলা** বিষয়টির ধারাবাহিক মূল্যায়ন পাইলটিং করা হবে। প্রতি ৪টি বিদ্যালয় নিয়ে ১ টি ক্লাস্টার গঠন করা হবে। অর্থাৎ প্রতি জেলায় ২টি বিষয়ের জন্য ২টি ক্লাস্টার গঠিত হবে। এই পাইলট প্রোগ্রামের ব্যাপ্তি হবে ৩ মাস। উল্লিখিত দুইটি বিষয়ে ধারাবাহিক মূল্যায়নের পাইলটিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। এই পাইলট প্রোগ্রামটি বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, সেসিপ, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার তত্ত্বাবধানে পরিচালিত হবে। পাইলট প্রোগ্রামটি নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী পরিচালিত হবে।

০১. **জেলা শিক্ষা কর্মকর্তাগণের প্রতি নির্দেশনা :**

- পাইলটিং কার্যক্রম মনিটরিং এর সার্বিক দায়িত্ব সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ পালন করবেন।
- সংশ্লিষ্ট ২টি বিষয়ে (**শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** এবং **চারু ও কারুকলা**) ৮টি বিদ্যালয় নিয়ে গঠিত ২টি ক্লাস্টারের জন্য ২জন উপজেলা একাডেমিক সুপারভাইজার/সহকারী পরিদর্শক/গবেষণা কর্মকর্তাকে দায়িত্ব দিবেন **(সংযুক্ত জেলাভিত্তিক বিদ্যালয়ের তালিকা দ্রষ্টব্য)**। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করছেন কি না তা মনিটরিং করবেন।
- সংযুক্ত নির্দেশনা অনুযায়ী আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেল (Regional Monitoring and Moderation Panel) গঠন এবং সেই প্যানেল যথাযথভাবে দায়িত্ব পালন করছে কি না তা মনিটরিং করবেন **(সংযুক্ত আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেল এর কার্যাবলি দ্রষ্টব্য)**।
- প্রতিমাসে অন্তত একবার ক্লাস্টারে অন্তর্ভুক্ত বিদ্যালয়গুলো পরিদর্শন করবেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রধান শিক্ষক ও শ্রেণিশিক্ষকগণের সাথে মতবিনিময় করবেন।
- তাঁর আওতাধীন নির্বাচিত বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ এই পত্রের নির্দেশনা অনুযায়ী যেন কার্যক্রম পরিচালনা করেন তিনি তা নিশ্চিত করবেন।

০২. **সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের প্রতি নির্দেশনা-**

- পাইলট প্রোগ্রামের কার্যক্রম আগামী ৩১.০৮.২০১৯ থেকে ৩০.১১.২০১৯ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে এবং আপনার বিদ্যালয়ে যে বিষয়টির ধারাবাহিক মূল্যায়ন পাইলটিং করা হবে তার জন্য ২০/২১টি (**শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** বিষয়ের জন্য ২১টি এবং **চারু ও কারুকলা** বিষয়ের জন্য ২০টি) ক্লাস পিরিয়ড বরাদ্দ করবেন (প্রতিটি পিরিয়ড ৫০ মিনিট)।
- ২টি শিফট বিশিষ্ট বিদ্যালয় হলে শুধু প্রভাতি শাখাতে এ কার্যক্রম চলবে। বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে একটি সেকশন থাকলে সপ্তাহে ৩টি ক্লাস এবং দুইটি সেকশন থাকলে সপ্তাহে ৬টি ক্লাস বরাদ্দ করতে হবে। এক্ষেত্রে সরবরাহকৃত **সংযুক্ত ক্লাশ সিডিউল** অনুযায়ী আপনি ক্লাসসমূহ পরিচালনা করবেন অথবা আপনার সুবিধা অনুযায়ী রুটিন পরিমার্জন করে আপনার বিদ্যালয়ের জন্য প্রযোজ্য বিষয়ের ক্লাসসমূহের ব্যবস্থা করবেন।
- বিদ্যালয়ে বিষয়ভিত্তিক নিয়মিত শিক্ষক না থাকলে ওই বিষয়ের খণ্ডকালীন/অতিথি শিক্ষককে দিয়েই এ কার্যক্রম পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন।

➢ পাইলটিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় উপকরণ (রেজিস্টার খাতা, পোস্টার পেপার, খেলাধূলার সরঞ্জাম, রং, পেনসিল, কাগজ ইত্যাদি) সংগ্রহের ব্যয় সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ নির্বাহ করবে এবং এ ব্যাপারে আপনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

➢ **শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** এবং **চারু ও কারুকলা** বিষয়ের শিক্ষকবৃন্দ অন্য কোনো বিষয়ের ক্লাস নেওয়ার কারণে ক্লাসের সংখ্যা বেশি হলে এই পাইলট প্রোগ্রাম চলাকালীন তাঁদের নিজস্ব বিষয়ের ক্লাস ব্যতীত অন্য বিষয়ের ক্লাস সংখ্যা কমিয়ে এ কার্যক্রমে সম্পৃক্ত করবেন।

➢ শ্রেণিশিক্ষকগণ ম্যানুয়ালে নির্দেশিত/সুপারিশকৃত শিখন-শেখানো পদ্ধতি এবং কৌশল ও মূল্যায়ন নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে রেকর্ড সংরক্ষণ করছেন কি না তা পর্যবেক্ষণ করবেন।

➢ বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের এই পাইলটিং কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে তাদের বিশেষ চাহিদার দিকে লক্ষ রেখে কার্যক্রম ডিজাইন করবেন।

০৩. **উপজেলা একাডেমিক সুপারভাইজার/সহকারী পরিদর্শক/গবেষণা কর্মকর্তাগণের প্রতি নির্দেশনা :**

➢ পাইলট প্রোগ্রাম চলাকালীন প্রতিটি বিদ্যালয়ে সপ্তাহে ন্যূনতম ০৩ দিন ভিজিট করবেন।

➢ তাঁর আওতাধীন বিদ্যালয়ের শ্রেণিশিক্ষকগণ ম্যানুয়ালে নির্দেশিত/সুপারিশকৃত শিখন-শেখানো পদ্ধতি ও মূল্যায়ন নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে রেকর্ড সংরক্ষণ করছেন কি না তা পরিবীক্ষণ করবেন।

➢ বিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের এই পাইলটিং কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করেছেন কি না তা পরিবীক্ষণ করবেন।

➢ আঞ্চলিক পরিবীক্ষণ এবং পরিশোধন প্যানেল-এর মিটিং নির্ধারিত তারিখ অনুযায়ী যেন অনুষ্ঠিত হয় তা নিশ্চিত করবেন।

➢ তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের প্রতি নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন।

➢ যেকোনো অস্পষ্টতা দূর করার জন্য বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর সাথে যোগাযোগ করবেন। বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের ই-মেইল bedubise@yahoo.com এবং ফোন নং : ০২-৫৮৬১০২৫৫।

**পাইলট প্রোগ্রাম কার্যক্রমটি সফল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।**

২০/৮/২২

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,
ঢাকা।

জেলা শিক্ষা অফিসার
খাগড়াছড়ি/চাঁদপুর/সুনামগঞ্জ/চট্টগ্রাম/ঢাকা/পঞ্চগড়/সাতক্ষীরা/বরিশাল

অনুলিপি: (তালিকাটি জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), মাউশি অধিদপ্তর।
৩. পরিচালক (মাধ্যমিক/প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, খাগড়াছড়ি/চাঁদপুর/সুনামগঞ্জ/চট্টগ্রাম/ঢাকা/পঞ্চগড়/সাতক্ষীরা/বরিশাল।
৫. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/কুমিল্লা/বরিশাল/যশোর/দিনাজপুর/রাজশাহী/সিলেট/ চট্টগ্রাম/ময়মনসিংহ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড।
৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম অঞ্চল।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম অঞ্চল ।
৮. উপ-পরিচালক (প্রশাসন/ প্রোগ্রাম) সেক্টর প্রোগ্রাম সাপোর্ট ইউনিট, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি সদর, দীঘিনালা, খাগড়াছড়ি/চাঁদপুর সদর, হাইমচর, চাঁদপুর/সুনামগঞ্জ সদর, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ/কোতোয়ালী, রাউজান, চট্টগ্রাম/খিলগাঁও, লালবাগ, ঢাকা/পঞ্চগড় সদর, আটোয়ারী, পঞ্চগড়/তালা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা/বাবুগঞ্জ, বরিশাল (নির্বাচিত বিদ্যালয়গুলোকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১১. প্রধান শিক্ষক.......................................................।
১২. পিএসটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা।
১৩. অফিস কপি।

## ষষ্ঠ শ্রেণির শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং চারু ও কারুকলা বিষয়ে ধারাবাহিক মূল্যায়ন বিষয়ক পাইলটিং কার্যক্রম পরিচালনার জন্য জেলাভিত্তিক নির্বাচিত বিদ্যালয়সমূহের তালিকা :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | উপজেলা | জেলা | বিভাগ | পাইলট প্রোগ্রাম পরিচালনার বিষয় | জেলা শিক্ষা অফিসের নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১. | খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় | খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম | চারু ও কারুকলা | খাগড়াছড়ি |
| ০২. | খাগড়াছড়ি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম | | |
| ০৩. | ঠাকুর ছড়া উচ্চ বিদ্যালয় | খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম | | |
| ০৪. | খাগড়াছড়ি পুলিশ লাইন হাই স্কুল | খাগড়াছড়ি সদর | খাগড়াছড়ি | চট্টগ্রাম | | |
| ০৫. | দীঘিনালা বালিকা উচ্চ বিদ্যালয় | দীঘিনালা | খাগড়াছড়ি | চট্টগ্রাম | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | |
| ০৬. | দীঘিনালা সরকারি উচ্চ বিদ্যালয় | দীঘিনালা | খাগড়াছড়ি | চট্টগ্রাম | | |
| ০৭. | হাচিনসনপুর উচ্চ বিদ্যালয় | দীঘিনালা | খাগড়াছড়ি | চট্টগ্রাম | | |
| ০৮. | দীঘিনালা বড়াদম উচ্চ বিদ্যালয় | দীঘিনালা | খাগড়াছড়ি | চট্টগ্রাম | | |
| ০৯. | মাতৃপিঠ সরকারি বালক উচ্চ বিদ্যালয় | চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | চাঁদপুর |
| ১০. | পুরানবাজার মধুসূদন উচ্চ বিদ্যালয় | চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম | | |
| ১১. | লেডী প্রতিমা বালিকা উচ্চ বিদ্যালয় | চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম | | |
| ১২. | হাসান আলী সরকারি বালক উচ্চ বিদ্যালয় | চাঁদপুর সদর | চাঁদপুর | চট্টগ্রাম | | |
| ১৩. | হাইমচর সরকারি বালক উচ্চ বিদ্যালয় | হাইমচর | চাঁদপুর | চট্টগ্রাম | চারু ও কারুকলা | |
| ১৪. | হাইমচর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | হাইমচর | চাঁদপুর | চট্টগ্রাম | | |
| ১৫. | বাজাপ্তি রমনীমোহন উচ্চবিদ্যালয় | হাইমচর | চাঁদপুর | চট্টগ্রাম | | |
| ১৬. | নীলকমল উছমানিয়া উচ্চ বিদ্যালয় | হাইমচর | চাঁদপুর | চট্টগ্রাম | | |
| ১৭. | সরকারী জুবিলী বালক উচ্চ বিদ্যালয় | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট | চারু ও কারুকলা | সুনামগঞ্জ |
| ১৮. | সরকারী এসসি বালিকা উচ্চ বিদ্যালয় | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট | | |
| ১৯. | মঙ্গলকাটা উচ্চ বিদ্যালয় | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট | | |
| ২০. | নারায়ণতলা মিশন উচ্চ বিদ্যালয় | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ | সিলেট | | |
| ২১. | গনীনগর যোলগ্রাম উচ্চ বিদ্যালয় | দক্ষিণ সুনামগঞ্জ | সুনামগঞ্জ | সিলেট | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | |
| ২২. | জয়কলস উজানীগাঁও রাশিদীয়া সরকারি উচ্চ বিদ্যালয় | দক্ষিণ সুনামগঞ্জ | সুনামগঞ্জ | সিলেট | | |
| ২৩. | ডুংরিয়া হাই স্কুল এন্ড কলেজ | দক্ষিণ সুনামগঞ্জ | সুনামগঞ্জ | সিলেট | | |
| ২৪. | সুরমা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ | দক্ষিণ সুনামগঞ্জ | সুনামগঞ্জ | সিলেট | | |
| ২৫. | ডা: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | কোতোয়ালী | চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | চারু ও কারুকলা | চট্টগ্রাম |
| ২৬. | শাহ্ ওয়ালীউল্লাহ ইনস্টিটিউট | কোতোয়ালী | চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | | |
| ২৭. | টি এন্ডটি উচ্চ বিদ্যালয় | কোতোয়ালী | চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | | |
| ২৮. | বাগমনিরামপুর আব্দুর রশীদপুর সিটি কর্পো: বালক উচ্চ বিদ্যালয় | কোতোয়ালী | চট্টগ্রাম মহানগর | চট্টগ্রাম | | |
| ২৯. | রাউজান আর আর এসি মডেল সরকারি উচ্চ বিদ্যালয় | রাউজান | চট্টগ্রাম | চট্টগ্রাম | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | |
| ৩০. | গহিরা এ জেড ওয়াই এম এইচ বহুমুখী উচ্চ বিদ্যালয় | রাউজান | চট্টগ্রাম | চট্টগ্রাম | | |
| ৩১. | কুন্ডেশ্বেরী বিদ্যা মন্দির | রাউজান | চট্টগ্রাম | চট্টগ্রাম | | |
| ৩২. | মহামুনি এ্যাংলোপালি উচ্চ বিদ্যালয় | রাউজান | চট্টগ্রাম | চট্টগ্রাম | | |
| ৩৩. | খিলগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় | খিলগাঁও | ঢাকা মহানগর | ঢাকা | চারু ও কারুকলা | ঢাকা |
| ৩৪. | খিলগাঁও গভ: কলোনী উচ্চ বিদ্যালয় | খিলগাঁও | ঢাকা মহানগর | ঢাকা | | |
| ৩৫. | খিলগাঁও উচ্চ বিদ্যালয় | খিলগাঁও | ঢাকা মহানগর | ঢাকা | | |
| ৩৬. | পূর্ব রামপুরা হাই স্কুল | খিলগাঁও | ঢাকা মহানগর | ঢাকা | | |
| ৩৭. | সরকারি শহীদ শেখ রাসেল উচ্চ বিদ্যালয় | লালবাগ | ঢাকা মহানগর | ঢাকা | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | |
| ৩৮. | জামিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয় | লালবাগ | ঢাকা মহানগর | ঢাকা | | |
| ৩৯. | ওয়েস্ট এন্ড হাই স্কুল | লালবাগ | ঢাকা মহানগর | ঢাকা | | |
| ৪০. | সালেহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | লালবাগ | ঢাকা মহানগর | ঢাকা | | |

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | উপজেলা | জেলা | বিভাগ | পাইলট প্রোগ্রাম পরিচালনার বিষয় | জেলা শিক্ষা অফিসের নাম |
|---|---|---|---|---|---|---|
| ৪১. | পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | পঞ্চগড় সদর | পঞ্চগড় | রংপুর | চারু ও কারুকলা | |
| ৪২. | পঞ্চগড় বিপি সরকারি উচ্চ বিদ্যালয় | পঞ্চগড় সদর | পঞ্চগড় | রংপুর | | |
| ৪৩. | খানপুকুর খোলাপাড়া উচ্চ বিদ্যালয় | পঞ্চগড় সদর | পঞ্চগড় | রংপুর | | |
| ৪৪. | পঞ্চগড় পৌর আদর্শ উচ্চ বিদ্যালয় | পঞ্চগড় সদর | পঞ্চগড় | রংপুর | | |
| ৪৫. | বার আউলিয়া মাজার শরীফ উচ্চ বিদ্যালয় | আটোয়ারী | পঞ্চগড় | রংপুর | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | পঞ্চগড় |
| ৪৬. | ধামোর বালিকা উচ্চ বিদ্যালয় | আটোয়ারী | পঞ্চগড় | রংপুর | | |
| ৪৭. | দলুয়া উচ্চ বিদ্যালয় | আটোয়ারী | পঞ্চগড় | রংপুর | | |
| ৪৮. | বড়শিংগিয়া উচ্চ বিদ্যালয় | আটোয়ারী | পঞ্চগড় | রংপুর | | |
| ৪৯. | শহীদ আলী আহম্মেদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | তালা | সাতক্ষীরা | খুলনা | চারু ও কারুকলা | সাতক্ষীরা |
| ৫০. | তালা বিদে সরকারি বালক উচ্চ বিদ্যালয় | তালা | সাতক্ষীরা | খুলনা | | |
| ৫১. | সমকাল মাধ্যমিক বিদ্যাপীঠ | তালা | সাতক্ষীরা | খুলনা | | |
| ৫২. | শহীদ কামাল মডেল হাই স্কুল | তালা | সাতক্ষীরা | খুলনা | | |
| ৫৩. | সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয় | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | খুলনা | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | |
| ৫৪. | টাউন গার্লস মাধ্যমিক বিদ্যালয় | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | খুলনা | | |
| ৫৫. | ডিবি ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয় | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | খুলনা | | |
| ৫৬. | আলিপুর ইউনিয়ন মাধ্যমিক বিদ্যালয় | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা | খুলনা | | |
| ৫৭. | বরিশাল সরকারি মাধ্যমিক বিদ্যালয় | বরিশাল সদর | বরিশাল | বরিশাল | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | বরিশাল |
| ৫৮. | কলেজিয়াট মাধ্যমিক বিদ্যালয় | বরিশাল সদর | বরিশাল | বরিশাল | | |
| ৫৯. | আসমত আলী খান ইনস্টিটিউট | বরিশাল সদর | বরিশাল | বরিশাল | | |
| ৬০. | নূরিয়া উচ্চ বিদ্যালয় | বরিশাল সদর | বরিশাল | বরিশাল | | |
| ৬১. | বাবুগঞ্জ সরকারি পাইলট হাই স্কুল | বাবুগঞ্জ | বরিশাল | বরিশাল | চারু ও কারুকলা | |
| ৬২. | রাশেদ খান মেনন মডেল স্কুল এন্ড কলেজ | বাবুগঞ্জ | বরিশাল | বরিশাল | | |
| ৬৩. | রহমতপুর স্কুল এন্ড কলেজ | বাবুগঞ্জ | বরিশাল | বরিশাল | | |
| ৬৪. | মাধবপাশা বালিকা উচ্চ বিদ্যালয় | বাবুগঞ্জ | বরিশাল | বরিশাল | | |

## পাইলটিং সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহের ক্লাস সিডিউল

৩১ শে আগস্ট থেকে ৩১ শে অক্টোবর ২০১৯ পর্যন্ত পাইলটিং কার্যক্রম চলবে। পাইলটিং-এর সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এই সময়ে সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে **শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** বিষয়ে মোট ২১টি এবং **চারু ও কারুকলা** বিষয়ে ২০টি ক্লাস পরিচালনার প্রয়োজন হবে। এজন্য প্রতি সপ্তাহে এক সেকশনের ক্ষেত্রে তিনটি ক্লাস এবং দুই সেকশনের ক্ষেত্রে ৬টি ক্লাস সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহের ক্লাসরুটিনে অন্তর্ভুক্ত করতে হবে। পাইলটিং সময়কালে অনলাইন মার্ক সাবমিশন ও প্যানেল মডারেশন কার্যক্রমের সাথে শ্রেণি কার্যক্রম সমন্বয়ের স্বার্থে সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে ২টি বিষয়ের ক্লাস সিডিউল হবে নিম্নরূপ-

### সেট-১

| ক্লাস নম্বর | তারিখ | ক্লাস নং | তারিখ |
|---|---|---|---|
| প্রথম ক্লাস | ৩১/০৮/২০১৯ | একাদশ ক্লাস | ২৩/০৯/২০১৯ |
| দ্বিতীয় ক্লাস | ০২/০৯/২০১৯ | দ্বাদশ ক্লাস | ২৫/০৯/২০১৯ |
| তৃতীয় ক্লাস | ০৪/০৯/২০১৯ | ত্রয়োদশ ক্লাস | ২৮/০৯/২০১৯ |
| চতুর্থ ক্লাস | ০৭/০৯/২০১৯ | চতুর্দশ ক্লাস | ৩০/০৯/২০১৯ |
| পঞ্চম ক্লাস | ০৯/০৯/২০১৯ | পঞ্চদশ ক্লাস | ০২/১০/২০১৯ |
| ষষ্ঠ ক্লাস | ১১/০৯/২০১৯ | ষষ্ঠদশ ক্লাস | ১৬/১০/২০১৯ |
| সপ্তম ক্লাস | ১৪/০৯/২০১৯ | সপ্তদশ ক্লাস | ১৯/১০/২০১৯ |
| অষ্টম ক্লাস | ১৬/০৯/২০১৯ | অষ্টাদশ ক্লাস | ২১/১০/২০১৯ |
| নবম ক্লাস | ১৮/০৯/২০১৯ | উনবিংশ ক্লাস | ২৬/১০/২০১৯ |
| দশম ক্লাস | ২১/০৯/২০১৯ | বিংশ ক্লাস | ২৮/১০/২০১৯ |
| | | একবিংশ ক্লাস | ৩০/১০/২০১৯ |

### সেট-২

| ক্লাস নং | তারিখ | ক্লাস নং | তারিখ |
|---|---|---|---|
| প্রথম ক্লাস | ৩১/০৮/২০১৯ | একাদশ ক্লাস | ২৬/০৯/২০১৯ |
| দ্বিতীয় ক্লাস | ০৩/০৯/২০১৯ | দ্বাদশ ক্লাস | ২৯/০৯/২০১৯ |
| তৃতীয় ক্লাস | ০৫/০৯/২০১৯ | ত্রয়োদশ ক্লাস | ০১/১০/২০১৯ |
| চতুর্থ ক্লাস | ০৮/০৯/২০১৯ | চতুর্দশ ক্লাস | ০৩/১০/২০১৯ |
| পঞ্চম ক্লাস | ১২/০৯/২০১৯ | পঞ্চদশ ক্লাস | ১৫/১০/২০১৯ |
| ষষ্ঠ ক্লাস | ১৫/০৯/২০১৯ | ষষ্ঠদশ ক্লাস | ১৭/১০/২০১৯ |
| সপ্তম ক্লাস | ১৭/০৯/২০১৯ | সপ্তদশ ক্লাস | ২০/১০/২০১৯ |
| অষ্টম ক্লাস | ১৯/০৯/২০১৯ | অষ্টাদশ ক্লাস | ২২/১০/২০১৯ |
| নবম ক্লাস | ২২/০৯/২০১৯ | উনবিংশ ক্লাস | ২৪/১০/২০১৯ |
| দশম ক্লাস | ২৪/০৯/২০১৯ | বিংশ ক্লাস | ২৯/১০/২০১৯ |
| | | একবিংশ ক্লাস | ৩১/১০/২০১৯ |

বি. দ্র. : সংশ্লিষ্ট বিদ্যালয়ে ১টি সেকশন থাকলে উপরে উল্লিখিত যেকোনো সেট অনুসরণ করা যেতে পারে। বিদ্যালয়ে ২টি সেকশন থাকলে উভয় সেট অনুসরণ করতে হবে। বিশেষ প্রয়োজনে ক্লাস সিডিউল এর তারিখ যৎসামান্য পরিবর্তন করা যেতে পারে, তবে সেক্ষেত্রে ক্লাসের সংখ্যা পরিবর্তন করা যাবে না।

# আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেল
(Regional Monitoring & Moderation Panel)

পাইলটিং-এর সাথে সংশ্লিষ্ট প্রতিটি জেলা/উপজেলায় ৮টি বিদ্যালয় নির্বাচন করা হয়েছে। এর মধ্যে ৪টি বিদ্যালয়ে **শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য** এবং ৪টি বিদ্যালয়ে **চারু ও কারুকলা** বিষয়ের পাইলটিং কার্যক্রম চলবে। একই জেলা/উপজেলার আওতাভুক্ত ৪টি বিদ্যালয় নিয়ে সংশ্লিষ্ট বিষয়ের জন্য একটি ক্লাস্টার হিসেবে বিবেচনা করা হয়েছে। প্রতি ক্লাস্টারের আওতাভুক্ত বিদ্যালয়ের বিষয় শিক্ষকগণ, জেলা/উপজেলা শিক্ষা অফিস কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং প্রতিষ্ঠান প্রধানগণের সমন্বয়ে আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেল গঠন করতে হবে। এই প্যানেলের গঠন ও কার্যক্রম হবে নিম্নরূপঃ

## আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেলের সদস্যবৃন্দ

১. জেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি- ১জন (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা একাডেমিক সুপারভাইজার/ সহকারী পরিদর্শক/ গবেষণা কর্মকর্তা);

২. ক্লাস্টারে অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা/চারু ও কারুকলা)- ০৪জন (ক্লাস্টারভুক্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠানে যদি সংশ্লিষ্ট বিষয়ে একাধিক শিক্ষক থাকেন তাহলে সবাই প্যানেলের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন);

৩. ভেন্যু প্রতিষ্ঠানের ( যে প্রতিষ্ঠানে সভা অনুষ্ঠিত হবে) প্রধান শিক্ষক- ০১জন। (ক্লাস্টারের প্রতিটি প্রতিষ্ঠানই পর্যায়ক্রমে ভেন্যু প্রতিষ্ঠানের দায়িত্ব পালন করবেন)

## আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেলের সভা আয়োজন সংক্রান্ত নির্দেশনা

১. প্রতিটি ইউনিট শেষে অনলাইনে নম্বর প্রেরণের পূর্বে মডারেশন প্যানেল অবশ্যই সভায় মিলিত হবেন;

২. সভায় ভেন্যু প্রতিষ্ঠানের প্রধান সভাপতির দায়িত্ব পালন করবেন;

৩. পাইলটিং কার্যক্রমে মোট তিনবার অনলাইনে নম্বর প্রেরণের পূর্বে পর্যায়ক্রমে ০৩টি প্রতিষ্ঠানে ৩টি সভা অনুষ্ঠিত হবে;

৪. পাইলটিং কার্যক্রম শেষে অভিজ্ঞতা বিনিময়ের জন্য ৪র্থ সভা যেকোনো একটি শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে;

৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রথম সভার ভেন্যু নির্ধারণ করবেন। পরবর্তীতে আলোচনা সাপেক্ষে ক্লাস্টারের বাকি প্রতিষ্ঠানে ভেন্যু নির্ধারণ করবেন।

## আঞ্চলিক পরিবীক্ষণ ও পরিশোধন প্যানেলের কর্মপরিধি

১. অনলাইনে নম্বর প্রেরণের পূর্বে প্রতিটি সভায় ক্লাস্টারভুক্ত প্রতিটি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ফলাফলের সামগ্রিক চিত্র পর্যালোচনা করা;

২. কোনো প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ফলাফলে অস্বাভাবিকতা পরিলক্ষিত হলে ওই প্রতিষ্ঠানের মূল্যায়ন ডকুমেন্টসমূহ (চেকলিস্ট, এসাইনমেন্ট, শিক্ষার্থীর পারদর্শিতার ভিডিও ক্লিপ, শিক্ষার্থীর অঙ্কিত ছবি/তৈরিকৃত শিল্পকর্ম, আত্মপ্রতিফলনমূলক জার্নাল ইত্যাদি) যাচাই-বাছাই করা ও প্রয়োজনে গ্রেডশিট সংশোধনের নির্দেশনা প্রদান;

৩. শিক্ষার্থীদের গ্রেডশিট অনলাইনে আপলোড করার অনুমোদন প্রদান (অনুমোদনের পর নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনলাইনে নম্বর প্রেরণ করবে);

৪. পাইলটিং কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কোনো সমস্যা সভায় উপস্থাপিত হলে তা আলোচনা করে সমাধান করা;

৫. ক্লাস্টারভুক্ত প্রতিষ্ঠানসমূহের শারীরিক শিক্ষা/চারু ও কারুকলার শিক্ষকবৃন্দ যাতে পরস্পরের সাথে যোগাযোগ রক্ষা করতে পারেন তার ব্যবস্থা করা;

৬. সরেজমিন স্কুল পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ যাতে পরস্পরকে প্রত্যক্ষভাবে সহযোগিতা করতে পারে তার ব্যবস্থা করা।